গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সাধারণ প্রশাসন শাখা
www.dshe.gov.bd
ঢাকা

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৯
২৮ জুলাই ২০২২

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৯.০০২.২২.২১৯

বিষয়: ৫-১১ (১১ বছর ৩৬৪ দিন) বছরের শিক্ষার্থীদের কোভিড-১৯ প্রতিরোধ ভ্যাকসিন প্রদান।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, শিক্ষার্থীদের মাঝে কোভিড-১৯ সংক্রমণ রোধে ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে সরকার ৫ বছর - ১১ (১১ বছর ৩৬৪ দিন) বছর বয়সী শিক্ষার্থীদের ভ্যাকসিনেশনের আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে। এ কার্যক্রম সফলভাবে সম্পন্নের লক্ষ্যে নিম্নরূপ শর্ত পূরণ ও নির্দেশনা প্রতিপালন করতে হবে-

১। শিক্ষার্থীদের বয়স সীমা হবে ৫ বছর থেকে ১১ বছর (১১ বছর ৩৬৪ দিন);

২। এ বয়সসীমার শিক্ষার্থীদের ভ্যাকসিন গ্রহণ করতে হলে অবশ্যই সুরক্ষা অ্যাপ/সুরক্ষা ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধিত হতে হবে;

৩। শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন নম্বর অবশ্যই ১৭ ডিজিটের হতে হবে;

৪। যে সকল শিক্ষার্থীর ১৭ ডিজেটের জন্ম নিবন্ধন নম্বর নেই তাদের অবশ্যই ১৭ ডিজিটের জন্ম নিবন্ধন করিয়ে নিতে হবে; এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও অভিভাবকবৃন্দকে বিষয়টি নিশ্চিত করতে হবে;

৫। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য সুরক্ষা অ্যাপ/সুরক্ষা ওয়েবসাইটে রেজিস্ট্রেশন বাধ্যতামূলক নয়;

৬। বিদেশি পাসপোর্টধারী শিক্ষার্থীরা সুরক্ষা অ্যাপ/সুরক্ষা ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধিত হওয়ার পূর্বে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে নির্ধারিত "এক্সেল ছকে" নির্ধারিত ফরম্যাটে student.dshe.vaccination@gmail.com ঠিকানায় তথ্য প্রেরণ করবে;

| passport_no | country_id | name | gender | visa_type | visa_number | visa_exp_date 2023-11-29 | parent_office_name | dob 1980-08-27 |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

৭। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান এ সকল শিক্ষার্থীকে ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে তালিকা এমনভাবে প্রণয়ন করবে যাতে কোনো শিক্ষার্থী বাদ না পড়ে;

৮। প্রতিটি প্রতিষ্ঠান শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান নিশ্চিতে প্রয়োজনীয় প্রচারণা ও সংশ্লিষ্ট অভিভাবকবৃন্দকে নিয়মিত এ কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবহিত করবে;

৯। প্রতিটি প্রতিষ্ঠান সুশৃঙ্খলভাবে ভ্যাকসিনেশন কার্যক্রম সম্পন্নে প্রয়োজনীয় সংখ্যক স্কাউট/গার্ল গাইডস/রোভার স্কাউট/গার্ল ইন রোভার/রেডক্রিসেন্ট/বিএনসিসি সদস্যদের স্বেচ্ছাসেবক হিসাবে নিয়োজিত করবে; যেসকল প্রতিষ্ঠানে উল্লেখিত ধরনের দল নেই সেসকল প্রতিষ্ঠান নিজস্ব শিক্ষার্থীদের নিয়ে প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবক দল গঠন করে কার্যক্রম পরিচালনা করবে;

১০। প্রতিটি প্রতিষ্ঠান ভ্যাকসিন কেন্দ্রে সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষককে দায়িত্ব প্রদান করবে;

১১। নির্ধারিত সূচি অনুযায়ী নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে ভ্যাকসিন কেন্দ্রে উপস্থিত নিশ্চিত করতে হবে;

১২। ভ্যাকসিনেশন কার্যক্রম সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা/পরামর্শের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক/উপ-পরিচালক/জেলা শিক্ষা/উপজেলা মাধ্যমিক শিক্ষা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে প্রতিষ্ঠান প্রধানগণ যোগাযোগ



Scanned with CamScanner